



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৬.১৯-২১১

তারিখ: ১৯ চৈত্র ১৪২৫
০২ এপ্রিল ২০১৯

বিশেষ পরিপত্র

বিষয় : ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে প্রার্থীদের যোগ্যতা ও অযোগ্যতা সম্পর্কিত

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৯ ধারায় মেয়র ও কাউন্সিলরগণের যোগ্যতা ও অযোগ্যতা নির্ধারিত রয়েছে। উক্ত ধারা ৯ এর উপধারা (২)(ঘ) ও (২)(ঙ) এ নিম্নরূপ বিধান রয়েছেঃ

“(২) কোন ব্যক্তি মেয়র বা কাউন্সিলর পদে নির্বাচিত হইবার জন্য এবং উক্তরূপ মেয়র বা কাউন্সিলর পদে থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি-

**** * * * * *


(ঘ) কোন ফৌজদারি বা নৈতিক স্বলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অনূন দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

(ঙ) প্রজাতন্ত্রের বা সিটি কর্পোরেশনের বা কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত থাকেন;”

২। ফৌজদারি মামলায় সাজা [আইনের ধারা ৯ এর উপধারা (২)(ঘ)]: কোন প্রার্থী ফৌজদারি বা নৈতিক স্বলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হয়ে অনূন ২ বছর কারাদণ্ডে দণ্ডিত হলে এবং উক্ত দণ্ডদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল হলে এবং আপিল আদালত নিম্ন আদালতের রায় বা সাজা স্থগিত না করলে অযোগ্য বলে সংশ্লিষ্ট প্রার্থী নির্বাচনে অযোগ্য হবেন। এক্ষেত্রে উচ্চ আদালত আপিল গ্রহণ করলেও তিনি অযোগ্য হবেন বা সংশ্লিষ্ট প্রার্থী জামিন পেলেও অযোগ্য হবেন অর্থাৎ সংশ্লিষ্ট সাজা স্থগিত বা মওকুফ না হওয়া পর্যন্ত নির্বাচনে অযোগ্য হবেন।

৩। লাভজনক পদে অধিষ্ঠিত থাকা [আইনের ধারা ৯ এর উপধারা (২)(ঙ)]: সিটি কর্পোরেশন একটি সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ বিধায় সিটি কর্পোরেশনের মেয়র পদটি রিট পিটিশন ৯১২৪/২০০৮ এ মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক লাভজনক পদ সাব্যস্ত করা হয়েছে। কাজেই স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৯ এর উপধারা (২)(ঙ) অনুযায়ী মেয়র পদে অধিষ্ঠিত কোন ব্যক্তি সিটি কর্পোরেশন নির্বাচনে প্রার্থী হিসেবে অংশগ্রহণে অযোগ্য বলে বিবেচিত হবেন। তবে উক্ত ব্যক্তি নির্বাচনের প্রার্থী হিসেবে অংশগ্রহণ করতে ইচ্ছুক হলে তাকে উক্ত পদ হতে পদত্যাগ করে প্রার্থী হতে হবে। কাউন্সিলর পদধারীগণ লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত নন বিধায় তাদেরকে পদত্যাগ না করে নির্বাচনে প্রার্থী হতে আইনগত কোন বাধা থাকবে না।

৪। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করছি।


(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২- ৫৫০০৭৫২৫

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ

ও

রিটার্নিং অফিসার, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৯

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭


যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ডিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাভ), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ
১৬. পুলিশ সুপার, ময়মনসিংহ
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.....(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৯. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, ময়মনসিংহ
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার- এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. উপজেলা নির্বাচন কর্মকর্তা/থানা নির্বাচন কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা.....(সংশ্লিষ্ট) থানা।



(মোহাম্মদ মোঈশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা

ফোন: ০২-৫৫০০৭৬১০